

মুদুল দাশগুপ্ত

৫

রিঠার আমাকে কেচে আকাশে টাঙিয়ে দিল  
তারাদের কাজের মাসিটি

দেখো কী সফেদ, সাদা  
অতীতের কাদা  
আর নেই।

বাতাসে শূথোবো। পরে খুল দিলে  
ছাদে

ধপ করে পড়ে যাবো, সেই  
তোমার গামলাটিতে, সে কথা আলাদা।  
তার আগে চাঁদে  
নামটি তোমার লিখি ?

দেখি তো অমর করে দিতে পারা যায় কি না  
তোমার হাসিটি

৬।

কাকচক্ষু জলে আমি ইষ্টক বর্ষণ করে গড়েছি বলয়  
সেই অপরাধে  
সহস্র বায়স পাখি কা কা কা কা রবে  
দিয়েছে ঠোঁকর এসে মাথা বৃকে কাঁধে  
তদুপরি ঘটেছে প্রলয়।

ছোটো এক পুঙ্করিণী, তার জল উপচিয়ে পড়ে  
ধরনী ভিজিয়ে দিয়ে মহাকাশে  
টুপ টুপ টুপ  
পড়েছে সেখানে গিয়ে, যেমথা অন্ধকূপ  
ভিতরে ভিতরে  
গ্রহাণু কাওয়ার তালে ওত পেতে আছে  
ওই নীল নভে।

ডানা ঝোড়ে এরপর গাছে গাছে গাছে  
কাক ও কাকিনী দল একেবারে চুপ।

এমন দুর্ঘট আমি চেয়েছি কি ? উঁহ  
চেয়েছি জীবনব্যাপী কেকা আর কুহু